

**RABINDRA BHARATI UNIVERSITY**  
**VOCAL MUSIC DEPARTMENT**

COURSE - M.A. ( Compulsory Course ) (CBCS) 2020

Semester - 4.1; Group - B.

Teacher - Sri Partha Pratim Bhowmik.

**2) Principles of 72 melas of Pdt. Venkatmukhi**

কর্ণাটকী সঙ্গীত পদ্ধতিতে মেল ব্যবস্থার প্রবর্তন করেন পন্ডিত মাধবাচার্য্য। চতুর্দশ শতাব্দীর মধ্যভাগের তিনি একজন বিখ্যাত ব্যক্তি ছিলেন। তাঁর রচিত ‘সঙ্গীতসার’ গ্রন্থের মাধ্যমে তিনি জানিয়েছিলেন যে, তাঁর সময়কালের প্রচলিত রাগগুলিকে পনেরোটি মেলের অন্তর্ভুক্ত করা যায়। শুদ্ধ মেলরূপে তিনি চিহ্নিত করেছিলেন মুখারি-কে।

মাধবাচার্য্যের পর, ষোড়শ শতাব্দীর মধ্যভাগে পন্ডিত রামামাত্য প্রবর্তন করেন কুরিটি মেলের। তাঁর রচিত ‘স্বরমেল কলানিধি’ গ্রন্থের মাধ্যমে তিনি একথা জানিয়েছিলেন। শুদ্ধ মেল রূপে তিনি মুখারিকেই সমর্থন করেছিলেন।

সপ্তদশ শতাব্দীর প্রথম দশকে পন্ডিত সোমনাথ প্রবর্তন করেন তেইশটি মেলের। ‘রাগ বিবোধ’ গ্রন্থে তিনি একথা বলেছেন। শুদ্ধ মেল রূপে তিনি মুখারিকেই সমর্থন করেছিলেন।

সপ্তদশ শতাব্দীর মধ্যভাগে, পন্ডিত ভেঙ্কটমখী প্রবর্তন করলেন বাহান্নোরটি মেলের। ‘চতুর্দশী-প্রকাশিকা’ গ্রন্থে তিনি একথা জানালেন। তিনি অবশ্য শুদ্ধ মেলের নাম পরিবর্তন করে রাখলেন ‘কনকাস্বরী’। কর্ণাটকী সঙ্গীত পদ্ধতিতে প্রচলিত ষোলটি স্বরকে সুপরিকল্পিত ভাবে প্রয়োগ করে তিনি ৭২টি মেলের প্রবর্তন করেছিলেন। নীচে ষোলটি স্বরের তালিকা দেওয়া হল -

ক্রমিক নম্বর	হিন্দুস্থানি স্বর	কর্ণাটকী স্বর নাম	কর্ণাটকী স্বরস্বর	স্বর সংকেত
১	সা	ষড়্জম্	সা	S
২	রে	শুদ্ধ ঋষভম্	রা	R1
৩	রে	চতুঃশ্রুতি ঋষভম্ বা	রি	R2
৪	গ	শুদ্ধ গান্ধারম্ ষট্শ্রুতি ঋষভম্ বা	গা রু	G1 R3
৫	গ	সাধারণ গান্ধারম্	গি	G2
৬	ম	অন্তর গান্ধারম্	গু	G3
৭	ম	শুদ্ধ মধ্যমম্	মা	M1
৮	ম	প্রতি মধ্যমম্	মি	M2
৯	প	পঞ্চমম	পা	P
১০	ধ	শুদ্ধ ধৈবতম্ চতুঃশ্রুতি ধৈবতম্ বা	ধা ধি	D1 D2
১১	নি	শুদ্ধ নিষাদম্ ষট্শ্রুতি নিষাদম বা	না দু	N1 D3
১২	নি	কৈশীক নিষাদম কাকলি নিষাদম	নি নু	N2 N3

উপরের তালিকা থেকে ১৬টি কর্ণাটকী স্বরের নাম, চিহ্ন ও সঙ্কেতিক চিহ্ন (যা স্বরলিপিতে ব্যবহৃত হয়) তা জানতে পারলাম।

মেল নির্মাণ কৌশল :-

প্রতিটি সপ্তকে দুটি ভাগ থাকে - পূর্বার্ধ ও উত্তরার্ধ। কর্ণাটকি সঙ্গীত

পদ্ধতি অনুসারে, পূর্বার্ধ বলতে বোঝায় S,R1,R2/G1,R3/G2,G3 এবং M1/M2 ; উত্তরার্ধ বলতে বোঝায় P,D1,N1/D2,D3/N2 এবং N3।

পন্ডিত ভেঙ্কটমখী প্রবর্তিত ৭২ মেল গঠনের ক্ষেত্রে, প্রথম ৩৬ টি মেল শুদ্ধ মধ্যম দ্বারা গঠিত হয়। পরবর্তী ৩৬ টি মেল প্রতি মধ্যম দ্বারা গঠিত।

প্রথম ছয়টি মেলের পূর্বার্ধ নির্দিষ্ট। এবং এই পূর্বার্ধের প্রতিটি স্বরই শুদ্ধ। কিন্তু উত্তরার্ধের স্বরগুলি পরিবর্তনশীল। নীচের তালিকায় বিষয়টি বুঝিয়ে বলা হোল -

মেল সংখ্যা	পূর্বার্ধ	উত্তরার্ধ
১	S-R1-G1-M1	P-D1-N1
২	S-R1-G1-M1	P-D1-N2
৩	S-R1-G1-M1	P-D1-N3
৪	S-R1-G1-M1	P-D2-N2
৫	S-R1-G1-M1	P-D2-N3
৬	S-R1-G1-M1	P-D3-N3

৭২ মেল গঠনে এটিই প্রধান সূত্র বা নীতি। এবার আমরা দেখব পরবর্তী ছয়টি মেল রচনার স্বরূপ। এ ক্ষেত্রে পূর্বার্ধের স্বরগুলি প্রথম ছয়টি মেলের তুলনায় সামান্য পরিবর্তিত হয়েছে। শুদ্ধ গান্ধার পরিবর্তিত হয়ে চতুঃশ্রুতি গান্ধার ব্যবহৃত হয়েছে। নীচের তালিকা দেখা যাক -

৭	S-R1-G2-M1	P-D1-N1
৮	S-R1-G2-M1	P-D1-N2
৯	S-R1-G2-M1	P-D1-N3
১০	S-R1-G2-M1	P-D2-N2
১১	S-R1-G2-M1	P-D2-N3

১২

S-R1-G2-M1

P-D3-N3

অর্থাৎ, প্রতিটি ৬টি মেলের পূর্বার্ধ নির্দিষ্ট এবং উত্তরার্ধ পরিবর্তনশীল।

এই পদ্ধতিতে প্রথম ৩৬টি মেল গঠিত হবে শুদ্ধ মধ্যম দ্বারা। এবং পরবর্তী ৩৬ টি মেল গঠিত হবে প্রতি মধ্যম দ্বারা। প্রতি মধ্যম দ্বারা গঠিত প্রথম ছয়টি মেলের স্বরূপ নিচে দেখানো হোল -

৩৭	S-R1-G1-M2	P-D1-N1
৩৮	S-R1-G1-M2	P-D1-N2
৩৯	S-R1-G1-M2	P-D1-N3
৪০	S-R1-G1-M2	P-D2-N2
৪১	S-R1-G1-M2	P-D2-N3
৪২	S-R1-G1-M2	P-D3-N3

সুতরাং আমরা দেখলাম ‘৬’ সংখ্যাটি ৭২ মেল ব্যবস্থায় খুবই গুরুত্বপূর্ণ। এই ‘৬’ সংখ্যার দ্বারা আমরা  $(৭২/৬ = ১২)$  ১২টি মেল Group পাই। প্রথম ছয়টি মেল mela-Group এর পূর্বার্ধ , পরের ছয়টি mela-Group এর পূর্বার্ধের সাথে সামঞ্জস্যপূর্ণ; কেবলমাত্র প্রথম ছয়টি mela-Group এর মেলগুলিতে M1 এবং পরের ছয়টি mela-Group এর মেলগুলিতে M2 প্রযুক্ত হয়। নিচের তালিকায় বিষয়টি দেখানো হোল -

মেল সংখ্যা	পূর্বার্ধ
1 to 6	S-R1-G1-M1
7 to 12	S-R1-G2-M1
13 to 18	S-R1-G3-M1
19 to 24	S-R2-G2-M1
25 to 30	S-R2-G3-M1
31 to 36	S-R3-G3-M1

37 to 42	S-R1-G1-M2
43 to 48	S-R1-G2-M2
49 to 54	S-R1-G3-M2
55 to 60	S-R2-G2-M2
61 to 66	S-R2-G3-M2
67 to 72	S-R3-G3-M2

\*\*To be continued in the next set.